

তমলুক ঘাটাল সেন্ট্রাল কোঅপারেটিভ ব্যাঙ্ক এমপ্লয়িস কোঅপারেটিভ ক্রেডিট সোসাইটি লি:

৭১তম বার্ষিক সাধারণ সভা

তমলুক ঋষিধাম সভাকক্ষ

গত ২৬শে সেপ্টেম্বর ২০২১ সমিতির বার্ষিক সাধারণ সভা তমলুক ঋষিধাম সভা কক্ষে অনুষ্ঠিত হয়ে গেল।

সভার শুরুতেই ইশ্বরচন্দ্র বিদ্যাসাগর মহাশয়ের ২০২তম জন্মদিনে তাঁর প্রতিকৃতিতে ও অন্যান্য মনীষীদের প্রতিকৃতিতে মাল্যদান করা হয়।

সভায় ১ মিনিট নীরবতা পালন করে সভার কাজ শুরু করা হয়।

সভায় সভাপতিত্ব করেন সমিতির স্থায়ী সভাপতি মাননীয় সমীর মন্ডল মহাশয়। প্রতবেদন পাঠ করেন সম্পাদক মাননীয় প্রবীর পাল মহাশয়

উক্ত প্রতিবেদনের উপর পূর্ণ সমর্থন জানিয়ে আট জন সদস্য বক্তব্য রাখেন।

বিস্তারিত আলোচনা ও মত বিনিময়ের পর নিম্নলিখিত উল্লেখযোগ্য বিষয়গুলি সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।।

১) প্রত্যেক সদস্য/সদস্যদের ৪% হারে ডিভিডেন্ট প্রদান ও একটি করে প্রেসার মাপার যন্ত্র উপহার হিসাবে প্রদান করা হবে।

২/ সমুদ্র শহর দীঘায় নিজস্ব হলিডে হোমের সংস্কার ও সৌন্দর্যায়ণ দ্বারা আরও মনোরম করে তোলা হবে।

৩/ হলিডে হোমের বিজ্ঞাপন ও প্রচারের কাজ দ্রুত কার্যকরী করতে উদ্যোগ নেওয়া হবে।

সোসাইটির কাজকর্মের ধারাবাহিক সফলতা বজায় থাকার জন্য সভাপতি ও সম্পাদক সহ সমস্ত পরিচালক মন্ডলীকে ধন্যবাদ জ্ঞাপন করার মধ্য দিয়ে সভার কাজ সমাপ্ত করা হয়।